গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের এপ্রিল/২০২২ মাসের অভ্যন্তরীণ মাসিক সভা (সিনিয়র ম্যানেজমেন্ট সভা)'র কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মাহবুব হোসেন সিনিয়র সচিব
সভার তারিখ	২৬-০৫-২০২২
সভার সময়	বিকাল: ০৪.০০ টা
স্থান	অনলাইন ভিডিও সিস্টেম
উপস্থিতি	রেকর্ডেড

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের এপ্রিল/২০২২ মাসের অভ্যন্তরীণ মাসিক সভা (সিনিয়র ম্যানেজমেন্ট সভা) শুরু করেন। এ বিভাগের উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) পাওয়ার পয়েন্টে পর্যায়ক্রমে সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিতে গত ২০-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত মার্চ/২০২২ মাসের অভ্যন্তরীণ মাসিক সভার কার্যবিবরণী দৃঢ়/নিশ্চিত করা হয়।

৩। গত ২০-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচনা/পর্যালোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	উপসচিব (প্রশাসন-২) জানান যে, মাসিক সভার পূর্বে উইং পর্যায়ে সভা করে শাখা/অধিশাখার অনিষ্পন্ন, চলমান ও বিশেষ কার্যক্রম পর্যালোচনাপূর্বক তার তথ্যাদি ছক আকারে প্রশাসন-২ অধিশাখায় প্রেরণের নির্দেশনা ছিল। সে প্রেক্ষিতে প্রশাসন/অপারেশন/উন্নয়ন/ পরিকল্পনা অনুবিভাগ থেকে উইং পর্যয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাওয়া গেছে। কার্যবিবরণীসমূহ পর্যালোচনায় দেখা যায় যে, দীর্ঘদিনের অনিষ্পন্ন কোন বিষয় নেই। অতিরিক্ত সচিব (প্রশাসন) উল্লেখ করেন যে, আমাদের কোন কোন উইং এ গুরুত্বপূর্ণ কিছু অনিষ্পন্ন বিষয় রয়ে গেছে, যা উইং পর্যায়ের সভার মাধ্যমে অবহিত হয়েছি। এ অনিষ্পন্ন বিষয়গুলো বর্তমানে নিষ্পত্তি করা সহজ হবে। সভাপতি এ বিষয়ে সন্তোষ প্রকাশ করেন এবং প্রতি মাসিক সভার পূর্বে উইং পর্যায়ের সভা নিয়মিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।	মাসিক সভার পূর্বে উইং পর্যায়ে শাখা/অধিশাখার গুরুত্বপূর্ণ অনিষ্পন্ন বিষয়ে পর্যালোচনাপূর্বক তার তথ্যাদি ছক আকারে প্রশাসন-২ অধিশাখায় প্রেরণ করতে হবে।	সকল অনুবিভাগ/ সকল শাখা/অধিশাখা

৩.২	সভায় জানানো হয় যে, এনআইএস, জিআরএস, আরটিআই, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং সিটিজেন চার্টার সংশ্লিষ্ট অবশিষ্ট অংশীজন সভাগুলো দ্রুততম সময়ে আয়োজন করার সিদ্ধান্ত ছিল। এ প্রেক্ষিতে উপসচিব, প্রশাসন -২ উল্লেখ করেন যে, এনআইএস এর বিষয়ে অংশীজন সভা গত ৩০-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। তিনি আরো উল্লেখ করেন যে, তথ্য কমিশন থেকে রিসোর্স পারসন নিয়ে আরটিআই বিষয়ে ইতোমধ্যে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সিটিজেন চার্টার ও জিআরএস কর্মপরিকল্পনার কোন বিষয় আপাততঃ অনিষ্পন্ন নেই মর্মে সভায় অবহিত করা হয়।	এনআইএস, জিআরএস, আরটিআই, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং সিটিজেন চার্টার সংশ্লিষ্ট অগ্রগতি প্রতিমাসের মাসিক সভায় উপস্থাপন করতে হবে।	প্রশাসন অনুবিভাগ/ বাজেট অধিশাখা
৩.৩	* উপসচিব (প্রশাসন-২) জানান যে, শাখা/অধিশাখায় ই-নথির তথ্যের সাথে হার্ড ফাইলে নথি নিষ্পত্তির তথ্যাদি সমন্বয়ে ই-নথিতে নিষ্পত্তির হার প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে প্রোগ্রামার, আইসিটি শাখা বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। সভাপতি যে সকল শাখা/অধিশাখার ই-নথিতে নিষ্পন্নের হার ৮০% এর কম তাদেরকে ই-নথিতে নিষ্পত্তির হার বাড়ানোর জন্য নির্দেশনা দেন। * সভায় জানানো হয় যে, বিদেশ প্রশিক্ষণ সংক্রান্ত নথি উপস্থাপনের ক্ষেত্রে প্রশিক্ষণের বিষয়বস্তু, প্রশিক্ষণ সূচি উল্লেখ থাকার বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া, বাপেক্স কর্তৃক যাচাই-বাছাই ব্যতিরেকে মিশরের American University in Cairo-তে কিভাবে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে সে বিষয়ে পেট্রোবাংলার নিকট ব্যাখ্যা চাওয়া হয়েছে।	শাখা/অধিশাখায় প্রতি মাসে হার্ড নথিতে নথি নিষ্পত্তির তথ্যাদি ছক আকারে আইসিটি শাখায় প্রেরণ করতে হবে।	প্রশাসন অনুবিভাগ/ আইসিটি শাখা
৩.৪	সভায় জানানো হয় যে, সচিবালয় নির্দেশমালা অনুযায়ী শাখা/অধিশাখা পরিদর্শন করা হয়। বিবেচ্য মাসে প্রশাসন-৩, প্রশাসন-১ এবং অপারেশন-২ অধিশাখার পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। সভাপতি পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ বস্তবায়ন এবং এক মাস পরে উল্লিখিত পর্যবেক্ষণগুলোর অগ্রগতি পর্যালোচনার জন্য নির্দেশনা দেন। তিনি আরও বলেন আগামী সভার পূর্বে চারটি উইং হতে চারটি শাখা পরিদর্শন করতে হবে, যা উইং প্রধানগণ ঠিক করবেন।	আগামী মাসিক সভার পূর্বে এ বিভাগের প্রশাসন, উন্নয়ন, পরিকল্পনা ও অপারেশন উইং প্রধান কর্তৃক নির্ধারিত চারজন কর্মকর্তাকে চারটি শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে।	প্রশাসন অনুবিভাগ/ প্রশাসন-২ অধিশাখা

৩.৫	* সভায় প্রোগ্রামার, আইসিটি শাখা উল্লেখ করেন সর্বশেষ গত ২৫-০৫-২০২২ তারিখ বিকাল: ৫.০০ ঘটিকায় ওয়েবসাইটটি হালনাগাদ করা হয়েছে। তিনি এপিএ মনিটরিং টিমের প্রতিবেদনগুলো আপলোডের জন্য আইসিটি শাখায় প্রেরণের জন্য অনুরোধ করেন। এতে কোনগুলো ওয়েবসাইটে দেওয়ার যোগ্য আর কোনগুলি অযোগ্য তা বুঝতে সহজ হবে। * প্রোগ্রামার, আইসিটি শাখা আরো জানান যে, ভার্চুয়াল মিটিংয়ের সরকারি আইডি 'বৈঠক'-এ উইং পর্যায়ের ছোট ছোট মিটিং আহ্বান করে আইডিটি পরীক্ষা-নিরীক্ষা করার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উল্লিখিত আইডিতে কিছু কারিগরি সমস্যা ছিল, যা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হতে সর্বশেষ আপডেট এ সেগুলোর সমাধান করা হয়েছে এবং জুম এপসের মত 'বৈঠক' অনলাইন মিটিং প্ল্যাটফর্মে নতুন ফিচার সংযুক্ত করা হয়েছে। সভাপতি মহোদয় আগামী মাসের অফিস সভাটি 'বৈঠক' এ করার জন্য নির্দেশনা প্রদান করেন।	(ক) এপিএ মনিটরিং টিমের প্রতিবেদনের অনুলিপি আইসিটি শাখায় আপলোডের জন্য প্রেরণ করতে হবে এবং ওয়েবসাইটটি সবসময় হালনাগাদ রাখতে হবে। (খ) আগামী মাসের অভ্যন্তরীণ মাসিক সভা 'বৈঠক'-এর মাধ্যমে আহ্বান করতে হবে।	প্রশাসন অনুবিভাগ/প্রশাসন-২ অধিশাখ/ আইসিটি শাখা
৩.৬	* সভায় উল্লেখ করা হয় যে, ২০২০-২১ অর্থবছরের এপিএ'তে ইআরএল ইউনিট-২ স্থাপন প্রকল্পের ডিপিপি অনুমোদন সংক্রান্ত সূচকটি এ পর্যন্ত চ্যালেঞ্জিং রয়েছে। এ বিষয়ে উপসচিব (পরিকল্পনা-২) জানান যে, ডিপিপিটি মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের লক্ষ্যে সারসংক্ষেপ প্রেরণের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। সভাপতি দ্রুত এই কার্যক্রমটি সম্পন্ন করার নির্দশনা প্রদান করেন। * গ্যাস সেক্টর অটোমেশন সংক্রান্ত রিপোর্টটি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের উদ্দেশ্যে পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে মর্মে যুগ্মসচিব (পরিকল্পনা) সভায় অবহিত করেন। রিপোর্টটি প্রমাণক আকারে প্রেরণ করা হবে। তিনি আরও উল্লেখ করেন যে, গ্যাস সেক্টরে অটোমেশনের জন্য আন্তর্জাতিক পরামর্শক নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। অটোমেশনের মূল কার্যক্রম পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পাদন করা হবে। তবে যেহেতু কাজটি জ্বালানি সেক্টরের জন্য গুরুত্বপূর্ণ তাই এ পর্যায়ে অন্তবর্তীকালীন একটি রিপোর্ট পরিচালক (পরিকল্পনা) এর নেতৃত্বে একটি কারিগরি কমিটি গঠনের মাধ্যমে প্রণয়ন করা হয়েছে। * এপিএ'তে অন্তর্ভুক্ত পাঁচটি কর্মপরিকল্পনা অর্থাৎ ফাইভ টুলস এর অগ্রগতি সম্পর্কে সভায় উল্লেখ করা হয় যে, এ মুহূর্তে কোন চ্যালেঞ্জ নেই। এ পর্যন্ত কর্মপরিকল্পনাসমূহের সকল কাজ সম্পন্ন করা হয়েছে এবং অবশিষ্ট কার্যক্রম ৪র্থ কোয়ার্টারের মধ্যে সম্পন্ন করা হবে।	(ক) ইআরএল ইউনিট-২ স্থাপন প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য সারসংক্ষেপটি মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপনের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। (খ) গ্যাস সেক্টরে অটোমেশন সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে পেট্রোবাংলা কর্তৃক গঠিত কমিটির প্রতিবেদনটি প্রমাণক হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে। (গ) আগামী সভায় এপিএ'তে অন্তর্ভুক্ত পাঁচটি কর্মপরিকল্পনার সর্বশেষ অগ্রগতি উপস্থাপন করতে হবে।	প্রশাসন/পরিকল্পনা অনুবিভাগ/পরিকল্পনা-২/সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ এপিএ ফোকাল পয়েন্ট

৩.৭	* সভায় উল্লেখ করা হয় যে, ২০২১-২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন আগামী আগস্ট/২২ মাসের শেষে অথবা সেপ্টেম্বর/২২ মাসের ১ম সপ্তাহে প্রকাশের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি কার্যক্রমটি তরান্বিত করার নির্দেশনা প্রদান করেন। * সভায় জানানো হয় যে, সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথি বিনষ্টকরণ কার্যক্রম অব্যাহত রয়েছে।	(ক) ২০২১-২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন আগামী আগস্ট/২২ মাসের শেষে অথবা সেপ্টেম্বর/২২ মাসের ১ম সপ্তাহে প্রকাশের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। (খ) সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথি বিনষ্টকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	প্রশাসন অনুবিভাগ/ প্রশাসন-১ অধিশাখা
৩.৮	বিবিধ আলোচনা: * উপসচিব (প্রশাসন-১) জানান যে, এ বিভাগের শূন্য পদে জনবল নিয়োগের ফলাফল গত ২৪-০৫-২০২২ তারিখে প্রকাশ করা হয়েছে। * সভায় উল্লেখ করা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, মাননীয় প্রধানমন্ত্রীর এ বিভাগে পরিদর্শনকালে ৪০টি নির্দেশনা ও নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করার জন্য গত ১৯-০৫-২০২২ তারিখে একটি পৃথক সভা করা হয়েছে। সভায় আরো জানানো হয় যে, মন্ত্রিসভা-কমিটির অবাস্তবায়িত সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়সমূহও গত ১৯-০৫-২০২২ তারিখের সভায় আলোচনা করা হয়েছে। * এলএনজি ভর্তুকি নীতিমালার খসড়া বিষয়ে আন্তমন্ত্রণালয়ের সভা অনুষ্ঠিত হয়েছে। উপসচিব (প্রশাসন-৩) সভায় অবহিত করেন যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া)'র বিষয়ে গত ২৭-০৪-২০২২ তারিখে সংশ্লিষ্টদের নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রবিধানমালাটি সংশোধনপূর্বক পুনরায় এ বিভাগে প্রেরণের জন্য বিইআরসি'তে পত্র প্রেরণ করা হয়েছে। বিইআরসি হতে অদ্যাবধি এ বিষয়ে কোন জবাব পাওয়া যায়নি। এছাড়া, বিইআরসি (চেয়ারম্যান ও সদস্য) বেতন, ভাতা, পদমর্যাদা, জ্যেষ্ঠতা ও চাকরির অন্যান্য শর্তাদি সংক্রান্ত খসড়া বিধিমালার বিষয়ে গত ১৬-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিকট হতে মতামত পাওয়া গেছে। প্রাপ্ত মতামতসমূহ নিয়ে এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সাথে আলোচনা করা হয়েছে। সভায় উল্লেখ করেন বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে বিধিমালার বিষয়ে একেক রকম মতামত প্রদান করা হয়েছে। তবে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত মতামত বাস্তবসম্মত মনে হয়েছে। প্রাথমিক পর্যায়ে অতিরিক্ত সচিব পর্যায়ে একটি সভা করে মতামতসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক কম্পাইল করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। * সভায় এ বিভাগ কর্তৃক কয়টি ও কি কি বিষয়ে কমিটি	(ক) এ বিভাগের শূন্য পদে জনবল নিয়োগের পরবর্তী কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করতে হবে। (খ) এ বিভাগে প্রণয়াধীন আইন/ বিধিমালা/নীতিমালা দ্রুততম সময়ে প্রকাশের প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। (গ) বিইআরসি (চেয়ারম্যান ও সদস্য) বেতন, ভাতা, পদমর্যাদা, জ্যেষ্ঠতা ও চাকরির অন্যান্য শর্তাদি সংক্রান্ত খসড়া বিধিমালার বিষয়ে প্রাপ্ত মতামতসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক কম্পাইল করার জন্য প্রাথমিক পর্যায়ে অতিরিক্ত সচিব পর্যায়ে একটি সভা করতে হবে। (ঘ) শেখ রাসেল দিবস ও জ্বালানি নিরাপত্তা দিবস যথাযথভাবে অনুষ্ঠানের জন্য গঠিত কমিটির	সকল অনুবিভাগ/ প্রশাসন-৩ অধিশাখা ও সংশ্লিষ্ট শাখা/অধিশাখা

	গঠন করা হয়েছে এবং কমিটির আহ্বায়ক কে রয়েছেন তার তথ্যাদি সুনির্দিষ্ট ছক আকারে উপস্থাপন করা হয়। উপসচিব (প্রশাসন-২) বলেন যে, ২০২১-২২ অর্থবছরের এপিএ'র মনিটরিং সূচকসমূহের বিপরীতে ৮টি মনিটরিং টিম গঠন করা আছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী যে সকল মনিটরিং টিমের রিপোর্টসমূহ পাওয়া যায়নি তাদেরকে দ্রুত মনিটরিং রিপোর্ট দাখিলের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। * সভায় জানানো হয় যে, শেখ রাসেল দিবস উৎযাপনের নিমিত্ত দপ্তর/সংস্থা হতে কর্মসূচী পাওয়া গেছে। শ্রীঘ্রই সভা করে সর্মসূচী চূড়ান্ত করা হবে। জ্বালানি নিরাপত্তা দিবস যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে গঠিত উপ-কমিটিগুলো প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করছে। সভাপতি এ কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। * উপসচিব (প্রশাসন-৩) সভায় জানান যে, ভূমি ব্যবহারস্বত্ব আইন এর খসড়াটি এ বিভাগের মতামত প্রদান সংক্রান্ত কমিটির নিকট প্রেরণ করা হয়েছে। কমিটির মতামত প্রাপ্তির পর ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। এ প্রেক্ষিতে উপসচিব (উন্নয়ন-২) জানান যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের চাহিদা মোতাবেক ভূমির ব্যবহারস্বত্ব বিধিমালার বিষয়ে সর্বশেষ অগ্রগতি উপসচিব (প্রশাসন-৩) এর স্বাক্ষরে অবহিত করা হয়েছে। সভাপতি অতিস্বত্বর এ বিভাগের মতামত ভূমি মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। (ঙ) ভূমির ব্যবহারস্বত্ব খসড়া আইনের বিষয়ে এ বিভাগের মতামত অতিস্বত্তর ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	

৪. সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাহবুব হোসেন
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.৯৯.০০২.২২.২৫০

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯
০২ জুন ২০২২

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোছাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব